কালের কণ্ঠ

তারিখ 11 DEC 2017
পৃষ্ঠা ১৭ কলাম ২

# উচ্চশিক্ষা সম্প্রসারণের সঙ্গে মান সমুন্নত রাখতে হবে

## এশিয়ান ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক ▷**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'উচ্চশিক্ষা সম্প্রসারণের সঙ্গে সঙ্গে এর মান সমুন্নত রাখতে হবে। তাহলেই যোগ্য গ্র্যাজুয়েট তৈরি করা সম্ভব।' উচ্চশিক্ষা লাভকারী নতুন প্রজন্মের গ্র্যাজুয়েটরা দেশ ও জাতির ভবিষ্যৎ গড়ে তোলার জন্য গুরুত্বপূর্ণ শক্তি বলে মন্তব্য করেন তিনি।

গতকাল রবিবার আশুলিয়ায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের ষষ্ঠ সমাবর্তনে মন্ত্রী এসব কথা বলেন। সমাবর্তন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মো. আখতারুজ্জামান। এ ছাড়া বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. জাফর সাদেক, উপাচার্য ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক, উপ-উপাচার্য প্রফেসর ড. এনামুল হক খান প্রমুখ।

শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের ব্যবসা ও মুনাফার চিন্তা বাদ দিয়ে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। এ জন্য শিক্ষার পরিবেশ নিশ্চিত করা ও পরিচালনাব্যবস্থার মান উন্নয়ন গুরুত্বপূর্ণ। প্রতিযোগিতামূলক বিশ্বে উন্নতমানের উচ্চ শিক্ষাব্যবস্থা গড়ে তোলার ব্যাপারে বিশ্ববিদ্যালয়গুলোকে আরো সচেতন হতে হবে।

মন্ত্রী বলেন, যেসব বিশ্ববিদ্যালয় ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি তারা বেশিদিন চলতে পারবে না। জনগণের আর্থসামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিসহ অন্যান্য ব্যয় একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত নির্ধারিত রাখারও আহ্বান জানান মন্ত্রী।

নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে উল্লেখ করে মন্ত্রী বলেন, সমাজে ইতিবাচক পরিবর্তন আনার জন্য তাদের মেধা ও প্রজ্ঞাকে কাজে লাগাতে হবে। তাদের দায়িত্বশীল দেশপ্রেমিক নাগরিক হিসেবে বিজ্ঞান-প্রযুক্তিতে দক্ষ, সৎ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর